



বিজ্ঞপ্তি নং-২২৪

তারিখ


১৫ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ  
২৯ মে ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: Video-conference-এর মাধ্যমে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ১৮ (আঠারো) জন অতিরিক্ত বিচারকের বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বিচারক হিসেবে শপথ গ্রহণ অনুষ্ঠান আয়োজন এবং Video-conference-এর মাধ্যমে অনুষ্ঠেয় ফুলকোর্ট সভা বাতিলকরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের ২৯ মে ২০২০ তারিখের ১০.০০.০০০০.১২৮.১১.০০১.১৮-১৭৯ নং প্রজ্ঞাপন মূলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৫ অনুচ্ছেদ অনুসারে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ১৮ (আঠারো) জন অতিরিক্ত বিচারককে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বিচারক হিসেবে নিয়োগ প্রদান করেছেন।

০২। বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি, বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন মহোদয় আগামী ৩০/০৫/২০২০ তারিখ রোজ শনিবার বিকাল ০৩.০০ ঘটিকায় Video-conference-এর মাধ্যমে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বিচারক হিসেবে নিয়োগপ্রাপ্ত মাননীয় বিচারপতি মহোদয়গণকে শপথ পাঠ করাবেন।

০৩। বর্ণিতাবস্থায়, আগামী ৩০/০৫/২০২০ তারিখ রোজ শনিবার বিকাল ০৩.০০ ঘটিকায় বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গণের অংশগ্রহণে Video-conference-এর মাধ্যমে অনুষ্ঠেয় ফুলকোর্ট সভা বাতিল করা হলো।

  
২৯.০৫.২০২০

(মো: আলী আকবর)  
রেজিস্ট্রার জেনারেল  
ফোন:৯৫৬২৭৮৫

ই-মেইল:rg@supremecourt.gov.bd